বাগেরহাটে পাঁচ ডেঙ্গু আক্রান্ত রোগী শনাক্ত

বাগেরহাটে পাঁচ ডেঙ্গু আক্রান্ত রোগীকে সনাক্ত করা হয়েছে। বাগেরহাট সদর হাসপাতালে ভর্তি ডেঙ্গু আক্রান্ত পাঁচ রোগীর মধ্যে দুই জনের অবস্থা গুরুতর হওয়ায় তাদের খুলনা মেডিকেল করেজ হাসাপাতালে পাঠানো হয়েছে। একজন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন, অন্য দুইজন চিকিৎসা শেষে বাড়িতে চলে গেছেন।

ডেঙ্গু আক্রন্তরা হলেন বাগেরহাট শহরের নাগের বাজার এলাকার নরুজ্জামানের ছেলে শিপন (২৪), দেপাড়া গ্রামের আব্দুর রহমানের ছেলে আর ইমরান (২২), বাদোখালি এলাকার আবু বকরের ছেলে কায়কোবাদ (২৫), সায়ড়া এলাকার শেখ মোস্তাফার ছেলে ইব্রাহিম শেখ (২২) ও কচুয়া সদরের সিরাজ সরদারের ছেলে শহিদ।
আজ মঙ্গলবার সন্ধ্যায় বাগেরহাটের ডেপুটি সিভিল সার্জন ডা. পুলক দেবনাথ এ তথ্য নিশ্চিত করে জানান, ডেঙ্গু রোগে আক্রান্ত বাগেরহাট সদর হাসপাতালে এ পর্যন্ত পাঁচজন রোগী ভর্তি হয়েছিল। এদের মধ্যে দু’জন চিকিৎসা শেষে বাড়ি ফিরেছে। শহিদ নামের এক রোগী পুরুষ ওয়ার্ডে ভর্তি রয়েছে তাকে সর্বোচ্চ চিকিৎসা সেবা দেয়া হচ্ছে। তার অবস্থাও স্বাভাবিক হয়ে আসছে। দুইজনকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে পাটানো হয়েছে। ডেঙ্গু বিষয়ে জেলা স্বাস্থ্য বিভাগ সতর্ক রয়েছে বলেও তিনি জানান।